



ইরানের সঙ্গে চুক্তিতে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কমানোর শর্ত যুক্তরাষ্ট্রের



মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে যুদ্ধ বন্ধে কোনো সমঝোতায় যেতে হলে দেশটির ইউরেনিয়াম সমৃদ্ধকরণের সক্ষমতা উল্লেখযোগ্যভাবে কমানো প্রয়োজন বলে জানিয়েছেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স।

রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে ভ্যান্স বলেন, ইরান যদি পারমাণবিক অস্ত্র তৈরির পরিকল্পনা না করে থাকে, তাহলে ৬০ শতাংশ পর্যন্ত সমৃদ্ধ ইউরেনিয়াম উৎপাদন চালিয়ে যাওয়ার প্রয়োজনীয়তা নিয়ে প্রশ্ন রয়েছে। এ অবস্থান প্রমাণে তেহরানকে উচ্চমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়াম উৎপাদন বন্ধ করা বা তা বড় মাত্রায় কমানোর মতো পদক্ষেপ নিতে হবে।

যুক্তরাষ্ট্র তেহরানের সঙ্গে একটি চুক্তিতে পৌঁছাতে আগ্রহী বলেও জানান ভ্যান্স। তবে শুধু আশ্বাস নয়, ইরানের কাছ থেকে বাস্তব পদক্ষেপ দেখতে চায় ওয়াশিংটন। তার ভাষায়, কথার বদলে পদক্ষেপই গুরুত্বপূর্ণ।

ভ্যান্স আরও জানান, ইরানের প্রেসিডেন্ট মাসউদ পেজেশকিয়ান ও পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে যুক্তরাষ্ট্রের আলোচনা চলছে। তবে ইরানের ভেতরে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়া পুরোপুরি স্পষ্ট নয় বলেও মন্তব্য করেন তিনি।